

স্মারক নং-৩২.০১.০০০০.০৪৭.১৪.০৭৩.২৩-৪৭১

তারিখ: ২১/০৮/২০২৪ খ্রি:

বিষয়: "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় ৬৪টি জেলা ও জেলাধীন সকল উপজেলা কার্যালয়ের আসবাবপত্র, কম্পিউটার সামগ্রী ও অন্যান্য সরঞ্জামাদি এবং ৬৪ জেলায় স্থাপিত মার্কেট প্রেস (সেলস ও ডিসপ্রে সেন্টার) -এর সচল এবং অচল মালামালের স্টক টেকিং (তালিকা) প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.০০.০০০০.০০০.১৪.০৩৫.২৪.১৫, তারিখ: ৩১/০৭/২০২৪।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি গত ৩০/০৬/২০২৩ তারিখে সমাপ্ত হয়েছে। প্রকল্পটি সফলভাবে সমাপ্ত হওয়ায় "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে, যা অনুমোদনের পর্যায়ে রয়েছে।

এমতাবস্থায়, আলোচ্য সমাপ্ত প্রকল্পের আওতায় ৬৪টি জেলা ও জেলাধীন সকল উপজেলা কার্যালয়ের আসবাবপত্র, কম্পিউটার সামগ্রী ও অন্যান্য সরঞ্জামাদি এবং ৬৪ জেলায় স্থাপিত মার্কেট প্রেস (সেলস ও ডিসপ্রে সেন্টার)-এর সচল এবং অচল মালামালের তথ্যাদি প্রয়োজন। সে মোতাবেক সচল ও অচল মালামালের স্টক টেকিং (তালিকা) করে সুস্পষ্ট প্রতিবেদন সংযুক্ত ছকে আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে [planningdwa@yahoo.com](mailto:planningdwa@yahoo.com) ই-মেইলে সস্টকপি এবং সদর কার্যালয়ে হার্ডকপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ছক-০১ (এক) কপি।

উপপরিচালক (সকল জেলা)  
মহিলা বিষয়ক অধিদপ্তর।

 ২১/০৮/২০২৪

(জাকিয়া আফরোজ)

পরিচালক (অতিরিক্ত সচিব)

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

ফোন: ০২-৪৮৩২০৩৭৪

[dwadhaka.director@gmail.com](mailto:dwadhaka.director@gmail.com)

কার্যার্থে/জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সহকারী পরিচালক (ওয়েব পোর্টাল), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।